

এডিবির স্বীকৃতি পেল ৫ প্রকল্প

নিম্নস্থ প্রতিবেদক

© প্রকাশিত: ০৯:৪৯ পিএম, ১৯ মে ২০১৬, বৃহস্পতিবার

নির্দিষ্ট মেয়াদে প্রকল্প বাস্তবায়নে দক্ষতা দেখিয়ে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) স্বীকৃতি পেয়েছে ৫ প্রকল্প। বাংলাদেশে চলমান এডিবির সেরা ৫টি প্রকল্পের কর্মকর্তাদের পুরস্কার দিয়েছে সংস্থাটি। বৃহস্পতিবার এডিবি কার্যালয় থেকে পাঠানো এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়।

বাস্তবায়নে দক্ষতা, কাঞ্জিত ফলাফল অর্জনে সফলতা, নারীদের সক্ষমতা বাড়ানো, স্বচ্ছতা ও অন্যান্য বিষয় বিবেচনা করে সেরা প্রকল্প নির্বাচন করা হয়েছে। ২০০১ সাল থেকেই সেরা প্রকল্প নির্বাচন করে আসছে সংস্থাটি।



বিবৃতিতে বলা হয়, এডিবির ঢাকায় নিযুক্ত ডেপুটি আবাসিক প্রতিনিধি ওলেগ টনকনোজেনকো সেরা প্রকল্পের কর্মকর্তাদের হাতে পুরস্কার তুলে দেন। অনুষ্ঠানে সরকারের উচ্চপর্যায়ের কর্মকর্তা, এডিবির অর্থায়নে বিভিন্ন প্রকল্পের পরিচালক ও সংস্থাটির ঢাকা অফিসের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

কাঞ্জিত সুফল ও সেরা ব্যবস্থাপনা দেখিয়ে বিজয়ী হয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর কর্তৃক সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম, স্থানীয় সরকার প্রকৌশল অধিদফতর কর্তৃক আবান গভর্নেন্স ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড দ্বারা পাওয়ার সিস্টেম সম্প্রসারণ এবং ফলপ্রসূ উন্নয়ন ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (কিস্তি-১)।

অন্যদিকে কৃষি সম্প্রসারণ অধিদফতরের দ্বিতীয় শস্য বহুবুদ্ধীকরণ প্রকল্প, সিটি অঞ্চল উন্নয়ন প্রকল্প এবং স্থানীয় সরকার প্রকৌশল অধিদফতর সাসটেইনেবল উৎসাহিত অবকাঠামো উন্নয়ন প্রকল্প অব্যাহত শ্রেষ্ঠত্বের জন্য বিশেষ স্বীকৃতি লাভ করে।

বিবৃতিতে ওলেগ টনকনোজেনকো বলেন, সময় মতো প্রকল্প বাস্তবায়নের বিশেষ পারদর্শিতা দেখানোর প্রতি বছর এ পুরস্কার দেয়া হয়। এতে যেন অন্যরা উৎসাহিত হতে পারে।

এমএ/এসএইচএস/এবিএস

সম্পাদক : সুজন মাহমুদ
একেসি প্রাইভেট লিমিটেডের একটি প্রতিষ্ঠান

হোসেন মাকের্ট (৯ম তলা), চ-৭৪ প্রগতি সরণি, বাড়া, ঢাকা-১২১২
ফোন: ৮৮ ০২ ৯৮৪২৬৮৯ ফ্লাইন: ৮৮ ০২ ৯৮৪২১৭৬
ই-মেইল: info@jagonews24.com, jagonews24@gmail.com



([http://www.jagonews24.com/Protection/Status.aspx?ID=f3f17389-5a9d-49f0-8e04-2d378f0e2c87&refurl=http://www.jagonews24.com/economy/news/99927/%E0%A6%8F%E0%A6%A1%E0%A6%BF%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%BO-%E0%A6%B8%E0%A7%8D%E0%A6%AC%E0%A6%A1%E0%A6%BF%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%BO-%E0%A6%BF-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%BO%E0%A6%95%E0%A6%8B2%E0%A7%8D%E0%A6%AA](http://www.dmca.com/Protection/Status.aspx?ID=f3f17389-5a9d-49f0-8e04-2d378f0e2c87&refurl=http://www.jagonews24.com/economy/news/99927/%E0%A6%8F%E0%A6%A1%E0%A6%BF%E0%A6%AC%E0%A6%BF%E0%A6%BO-%E0%A6%B8%E0%A7%8D%E0%A6%AC%E0%A7%80%E0%A6%95%E0%A7%83%E0%A6%A4%E0%A6%BF-%E0%A6%AA%E0%A7%87%E0%A6%8B2-%E0%A7%AB-%E0%A6%AA%E0%A7%8D%E0%A6%BO%E0%A6%95%E0%A6%8B2%E0%A7%8D%E0%A6%AA)) জাপান নিউজে প্রকাশিত/প্রচারিত সংবাদ, আলোকচিত্র,
ভিডিওচিত্র, অডিও বিনা অনুমতিতে ব্যবহার করা বেআইনি